গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শরিফুল ইসলাম |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| তারিখ ও সময় | : | ১৮-০৯-২০২৪, বিকাল-০২.৩০ মি: |
| স্থান | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি এ পর্যায়ে যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপভাবে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী অনুমোদন;** | গত ১০/০৬/২০২৪ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. গত ১০/০৬/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | **ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম;** | সফটওয়্যারে এন্ট্রির মাধ্যমে প্রশিক্ষণ সম্পাদনের ব্যবস্থা ইতোমধ্যেই শুরু করা হয়েছে এবং সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সকল কোর্স অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যার সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১. সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সকল কোর্স অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যার সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | ১. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি,<br>২. যুগ্মনিবন্ধক (ইপিপি)<br>৩. অরেঞ্জ বিডি |
| | | এ সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম তদারকি করার জন্য প্রশিক্ষণ সেকশনের জন্য ০১ (এক) জন, লোন এন্ড ক্যাপিটাল ম্যানেজমেন্টের জন্য ০১ (এক) জন, এইচআর সেকশনের জন্য ০১ (এক) জন, নিবন্ধন সেকশনের জন্য ০১ (এক) জন, ই-কমার্স সেকশনের জন্য ০১ (এক) জন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব প্রদান করা আবশ্যক মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২. সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম তদারকির জন্য ০৫ (পাঁচ) টি কম্পোনেন্টের (লোন এন্ড ক্যাপিটাল ম্যানেজমেন্ট, অনলাইন রেজিস্ট্রেশন ম্যানেজমেন্ট, ই-কমার্স, এইচআর ম্যানেজমেন্ট, ট্রেনিং ম্যানেজমেন্ট) ফোকাল পয়েন্ট হিসেবে বিভিন্ন শাখার যুগ্মনিবন্ধকগণকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করতে হবে এবং নিয়োগকৃত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ প্রতি সভায় কম্পোনেন্টসমূহের অগ্রগতি উপস্থাপন করবেন। | যুগ্মনিবন্ধক, (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক (খুলনা) সভায় জানান, লাইভে থাকা সকল কম্পোনেন্টের ড্যাশবোর্ডে প্রয়োজনীয় তথ্য প্রদর্শন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠানকে সকল প্রকারের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যায়ে জনাব তৌফিক, প্রতিনিধি, ইরা ইনফোটেক লিঃ সভায় জানান লাইভে থাকা সকল কম্পোনেন্টের ড্যাশবোর্ডে প্রয়োজনীয় তথ্য প্রদর্শনের লক্ষ্যে ইতোমধ্যে ৫০% কাজ সম্পন্ন করা হয়েছে এবং আগামী ১ সপ্তাহের মধ্যে শতভাগ কাজ সম্পন্ন করা সম্ভব হবে। | ৩. লাইভে থাকা সকল কম্পোনেন্টের ড্যাশবোর্ডে প্রয়োজনীয় তথ্য শতভাগ প্রদর্শনের নিমিত্ত যাবতীয় কাজ আগামী ১ সপ্তাহের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১. ইরা ইনফোটেক লিঃ<br>২. অরেঞ্জ বিডি |
| | | মডেল ভিলেজ প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক জুন মাসের শেষ দিকে একটি উপজেলার প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং বাকী ৯ টি উপজেলায় প্রশিক্ষণ অদ্যাবধি প্রদান করা হয়নি। এ অবস্থায় বাকী ৯টি উপজেলায় প্রশিক্ষণ প্রদান এবং প্রকল্প হতে সংগৃহীত ডেটাগুলো ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪. মডেল ভিলেজের ট্রেনিংগুলো আগামী ০৭ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অন্যান্য উপজেলাগুলোর বাকী কাজ আগামী ১৫ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১. ইরা ইনফোটেক লিঃ<br>২. অরেঞ্জ বিডি |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, খুলনা জানান দুগ্ধ ও মাংস উৎপাদন সংক্রান্ত প্রকল্পের মেহেরপুর সদর অংশের তথ্য সফটওয়্যারে এন্ট্রি ইতোমধ্যে শতভাগ সম্পন্ন হয়েছে এবং মণিরামপুর অংশের কার্যক্রম সমাপ্ত করতে ১৫ দিনের মতো সময় লাগবে। | ৫. দুগ্ধ ও মাংস উৎপাদন সংক্রান্ত প্রকল্পের মণিরামপুর অংশের তথ্য সফটওয়্যারে এন্ট্রি আগামী ১৫ দিনের মধ্যে শতভাগ সম্পন্ন করতে হবে। | ১. ইরা ইনফোটেক লিঃ<br>২. অরেঞ্জ বিডি |
| | | উন্নত জাতের গাভী পালন সংক্রান্ত সমাপ্ত প্রকল্পের কার্যক্রম ৫০টি উপজেলায় চলমান রয়েছে। উন্নত জাতের গাভী পালন সংক্রান্ত সমাপ্ত প্রকল্পের কার্যক্রমের পাইলটিং ডুমুরিয়াতে আগামী ১৫ দিনের মধ্য সম্পন্ন এবং আগামী সভার পূর্বেই সকল উপজেলায় প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৬. উন্নত জাতের গাভী পালন সংক্রান্ত সমাপ্ত প্রকল্পের কার্যক্রমের পাইলটিং ডুমুরিয়াতে আগামী ১৫ দিনের মধ্য সম্পন্ন করতে হবে।<br>৭. আগামী সভার পূর্বে সকল উপজেলায় প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করতে হবে। | ১. ইরা ইনফোটেক লিঃ<br>২. অরেঞ্জ বিডি |
| | | 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক চলমান প্রকল্পের প্রকল্প পরিচালক যেন লোন কম্পোনেন্টের সিডিউলিংগুলো নিয়ে ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে আগামী মাসের মধ্যে কর্মকান্ড নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৮. 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক চলমান প্রকল্পের লোন কম্পোনেন্টের সিডিউলিংগুলো নিয়ে ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে আগামী ৩০ দিনের মধ্যে কর্মকান্ড নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প |
| | | ১লা অক্টোবর/২০২৪ হতে নতুন সমবায় সমিতি নিবন্ধন আবশ্যিকভাবে অনলাইনে করা এবং ১লা অক্টোবর/২০২৪ এর পূর্বের নিবন্ধিত সমবায় সমিতিগুলোর তথ্য শুধুমাত্র সিস্টেমে এন্ট্রি করা যাবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ৯. ১লা অক্টোবর/২০২৪ হতে নতুন সমবায় সমিতি নিবন্ধন আবশ্যিকভাবে অনলাইনে করা এবং শুধুমাত্র ১লা অক্টোবর/২০২৪ এর পূর্বের নিবন্ধিত সমবায় সমিতিগুলোর তথ্য সিস্টেমে এন্ট্রি করা যাবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. ইরা ইনফোটেক লিঃ<br>৪. ফোকাল পয়েন্ট, সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উপনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা সভায় জানান ঢাকা বিভাগে অনলাইনে নিবন্ধনের ক্ষেত্রে বিভিন্ন জটিলতা দেখা যাচ্ছে, ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে অদ্যাবধি কিছু বিষয় সমাধান করা যায়নি। এ পর্যায়ে বিভাগীয় যুগ্মনিবন্ধক (খুলনা) সভায় বলেন, ঢাকা বিভাগের সমস্যা নিয়ে ভেন্ডর প্রতিষ্ঠানসহ ঢাকা বিভাগের কর্মকর্তাদের নিয়ে আগামী সপ্তাহে সভা করে বিষয়গুলো সমাধান করা হবে এবং এ সংক্রান্ত যে কোন সমস্যা উদ্ভব হলে ফেসবুক গ্রুপে তা উল্লেখ করলে তা তৎক্ষনাৎ সমাধান করা যায় মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১০. ঢাকা বিভাগের সমস্যা নিয়ে ভেন্ডর প্রতিষ্ঠানসহ ঢাকা বিভাগের কর্মকর্তাদের নিয়ে দ্রুত সময়ের মধ্যে বিষয়টি সমাধান করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (ঢাকা/খুলনা)<br>২. ইরা ইনফোটেক লিঃ<br>৩. ফোকাল পয়েন্ট, সমবায় অধিদপ্তর |
| | | | ১১. অনলাইনে সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে যেকোন সমস্যা সমাধানের জন্য এ সংক্রান্ত ফেসবুক গ্রুপের মাধ্যমে সহায়তা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | | অডিট বরাদ্দ অনলাইন সিস্টেমের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা ও রাজশাহী ইতোমধ্যে বরাদ্দ প্রদান করা করেছে। ম্যানুয়ালি অডিট বরাদ্দকৃত সকল অডিটের তথ্য ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমে আপলোড করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১২. সকল অডিট বরাদ্দ ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমে আপলোড করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. ইরা ইনফোটেক লিঃ<br>৪. ফোকাল পয়েন্ট, সমবায় অধিদপ্তর |
| | | প্রতি মাসে প্রতি বিভাগে ইন্টিগ্রেটেড ডিজিটাল সিস্টেমের অগ্রগতি পর্যালোচনা সভার আয়োজন করার উপর আলোচনা করা হয়। | ১৩. প্রতি মাসে ইন্টিগ্রেটেড ডিজিটাল সিস্টেমের অগ্রগতি পর্যালোচনা সভার আয়োজন করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মের সকল কম্পোনেন্ট যথাযথভাবে ব্যবহারে দক্ষতা অর্জনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা এবং সমবায় অধিদপ্তরের ১ম শ্রেণীর কর্মকর্তাগণের জন্য প্রধান কার্যালয়ে সকল কম্পোনেন্টের উপর একটি ওরিয়েন্টেশন আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি সভায় জানান ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে যেন একাডেমি ও ইন্সটিটিউটের কর্মরতদের অগ্রাধিকার দেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১৪. ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মের সকল কম্পোনেন্ট যথাযথভাবে ব্যবহারে দক্ষতা অর্জনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ সমবায় একাডেমি ও সমবায় ইন্সটিটিউটসমূহে কর্মরতদের অগ্রাধিকার ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর ও সভাপতি, কারিগরি কমিটি |
| | | | ১৫. সমবায় অধিদপ্তরের ১ম শ্রেণীর কর্মকর্তাগণের জন্য প্রধান কার্যালয়ে সকল কম্পোনেন্টের উপর একটি ওরিয়েন্টেশনের আয়োজন করতে হবে। | |
| | | অভ্যন্তরীন প্রশিক্ষণে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম বিষয়টি অন্তর্ভুক্ত করা যায় কিনা এ বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১৬. অভ্যন্তরীন প্রশিক্ষণে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম বিষয়টি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর ও সভাপতি, কারিগরি কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নাম ও আর্থিক তথ্যাদি ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১৭. সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নাম ও আর্থিক তথ্যাদি ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমে দ্রুত সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ইরা ইনফোটেক লিঃ<br>৩. ফোকাল পয়েন্ট, সমবায় অধিদপ্তর |
| | | এমআইএস শাখা, সহকারী প্রোগ্রামারকে নিয়ে প্রতি সপ্তাহে ১ বার করে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১৮. এমআইএস শাখা কর্তৃক প্রতি সপ্তাহে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) |
| | | যুগ্মনিবন্ধক (ইপিপি) সভায় জানান সমবায় সমিতির সদস্যদের ভ্রাম্যমাণ প্রশিক্ষণের নতুন মডিউল তৈরী করা হয়েছে। নতুন মডিউলে সমবায় অধিদপ্তরের কম্পোনেন্টগুলো অন্তর্ভুক্ত করে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ দিনব্যাপী করা হয়েছে। ভ্রাম্যমাণ প্রশিক্ষণের বাজেট ১৫০০০/- টাকা থেকে ৩০,০০০/- টাকায় উন্নীত করা হয়েছে। প্রশিক্ষণার্থী সমবায়ীদের ভাতা ৫০০/- টাকাসহ সকালের নাস্তা, দুপুরের খাবারে জন্য ব্যবস্থা রাখা হয়েছে এবং ৫ জন অতিথি বক্তার সম্মানীর ব্যবস্থা রাখা হয়েছে। ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম বিষয়ে অবহিত করাসহ ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম ব্যবহারের উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে ভ্রাম্যমাণ প্রশিক্ষণটি কাজে লাগানো যেতে পারে। ভ্রাম্যমাণ প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে যোগ্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করার বিষয়ে এবং ল্যাবে বা মাল্টিমিডিয়া ব্যবহার করে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১৯. ভ্রাম্যমাণ প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে যোগ্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করার বিষয়ে এবং ল্যাবে বা মাল্টিমিডিয়া ব্যবহার করে হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর ও সভাপতি, কারিগরি কমিটি |
| | | ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমে ভ্রাম্যমান প্রশিক্ষণের বিষয়টি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা উল্লেখপুর্বক সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০. ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। | ১. ইরা ইনফোটেক লিঃ<br>২. ফোকাল পয়েন্ট, সমবায় অধিদপ্তর |
| ০৩. | **বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রম সংক্রান্ত;** | মিল্ক ইউনিয়নের প্রতিনিধি মহাব্যবস্থাপক (বিপণন) সভায় জানান, নির্দেশনা মোতবেক বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর আয়-ব্যয় হিসাব নিয়মিত সমবায় অধিদপ্তরের কৃষিজ শিল্প শাখায় প্রেরণ করা হয়। ইতোমধ্যে জুলাই/২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব প্রেরণ করা হয়েছে। আগষ্ট/২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব প্রেরণ করা হবে। | ১. প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় মহোদয় কিছুদিনের মধ্যে মিল্ক ইউনিয়নের কার্যালয় পরিদর্শন করতে পারেন, সেক্ষেত্রে মাননীয় উপদেষ্টা, মহোদয়ের নিকট মিল্ক ইউনিয়ন সম্পর্কিত সকল সমস্যা এবং সমস্যা সমাধানে করণীয় যাবতীয় বিষয় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা | ২. মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় মহোদয় মিল্ক ইউনিয়নের কার্যালয় পরিদর্শনকালীন সময়ে মিল্ক ইউনিয়নের সকল সমস্যা এবং সমস্যা সমাধানে করণীয় যাবতীয় বিষয় উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক(কৃষিজ শিল্প) সভায় জানান মিল্ক ইউনিয়নের দুগ্ধ সংগ্রহ কম থাকায় তাদের অধিকাংশ চিলিং প্লান্টে আয়ের চেয়ে ব্যয় বেশী এবং মিল্ক ইউনিয়ন বিগত দিনে দুগ্ধ সমবায় সমিতির সদস্যদের যে সকল সেবা প্রদান করতো, বর্তমানে সেই সেবাগুলো দিচ্ছে না। সভায় দুগ্ধ সংগ্রহের হার বৃদ্ধির লক্ষ্যে কৌশল গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | ৩. মিল্ক ইউনিয়ন কর্তৃক দুগ্ধ সমবায় সমিতিগুলোকে প্রণোদনা/সেবা এমনভাবে প্রদান করতে হবে, যাতে করে উভয় পক্ষ লাভবান হয়, পাশাপাশি দুগ্ধ সংগ্রহের হার বৃদ্ধির লক্ষ্যে কৌশল গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরের সমন্বয় সভায় মিল্ক ইউনিয়নের প্রতিনিধি উপস্থিত হোন না মর্মে বিভাগীয় যুগ্মনিবন্ধক, রংপুর সভাকে অবহিত করেন। | ৪. মিল্ক ইউনিয়নের প্রতিনিধিগণের সংশ্লিষ্ট বিভাগীয় সমবায় কার্যালয়সমূহের সমন্বয় সভায় উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | মিল্ক ইউনিয়নের প্রতিনিধি মহাব্যবস্থাপক (বিপণন) সভায় জানান, মিল্ক ইউনিয়নের নিকট হতে পাওনা সিডিএফ পরিশোধের লক্ষ্যে ইতোমধ্যে নথি উপস্থাপন করা হয়েছে। | ৫. মিল্ক ইউনিয়নের নিকট পাওনা সিডিএফ দ্রুত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| ০৪. | **বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রম সংক্রান্ত;** | বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর প্রতিনিধি সভায় জানান সমবায় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থবছরের জুন/২০২৪ পর্যন্ত মোট আয় ২০,৮২,৮৩,৪৬২.৫৬ টাকা, মোট ব্যয় ১৭,৮৩,১৭,৯৭৬.৮২ টাকা ও উদ্বৃত্ত ২,৯৯,৬৫,৪৮৫.৭৪ টাকা এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রমের তথ্য নিয়মিত এ দপ্তরে প্রেরণ করা হয়। | ১. দ্বিমাসিক সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয়-ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাগণের সুপারিশের প্রেক্ষিতে বিগত দিনে সমবায় ভবনে অবস্থিত সমবায় ব্যাংকের শাখা হতে পারসোনাল লোন দেয়া হয়। তন্মধ্যে বর্তমানে ১৯ জন ঋণ খেলাপী রয়েছে। যাদের নিকট প্রায় ১৮ লক্ষ ৫৪ হাজার ২৭৪ টাকা সমবায় ব্যাংকের পাওনা রয়েছে। ১৯ জনের নিকট পত্র দেয়া হলেও কোন অগ্রগতি হচ্ছে না। এ বিষয়ে সভায় খেলাপী ঋণ আদায়ে সহযোগিতা চাওয়া হয়। | ২. সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মধ্যে ঋণ খেলাপীদের ঋণের বিবরণীসহ নামের হালনাগাদ তালিকা নিয়মিত সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | | ৩. সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মধ্যে ঋণ খেলাপীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) |
| ০৫. | **অডিট অগ্রগতি ও অডিট ফি আদায়ের অগ্রগতি;** | সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল সমবায় সমিতির অডিট সম্পাদন করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. নির্ধারিত সময়ের মধ্যে অডিট সম্পাদন ও অডিট ফি আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভায় জানান অধিকাংশ জেলা সমবায় কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ে দেখা যায়, অডিট সম্পাদন ১০০% হলেও অডিট নোট প্রাপ্তি ১০০% হয় না। সকল বিভাগ কর্তৃক সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক ৩০ জুনের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে সঠিকভাবে অডিট ফি ধার্য ও আদায় নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা দেয়া হলেও আশানুরূপ অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। এতে করে বকেয়া অডিট ফি এর পরিমান অধিক। হাল অডিট ফিসহ বকেয়া অডিট ফি দ্রুত সময়ের মধ্যে আদায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২. অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১.যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২.বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. বকেয়া অডিট ফি দ্রুত সময়ের মধ্যে আদায় নিশ্চিত করতে হবে। | ১.যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২.বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৬. | **সমবায় উন্নয়ন তহবিলের চাঁদা আদায় সংক্রান্ত।** | অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে, সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ জেলা সমবায় কার্যালয় পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাই এবং ইপিপি শাখা কর্তৃক পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>ধার্যকৃত বকেয়া সমবায় উন্নয়ন তহবিল দ্রুত সময়ের মধ্যে আদায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল আদায়যোগ্য সমবায় সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. ধার্যকৃত বকেয়া সমবায় উন্নয়ন তহবিল দ্রুত সময়ের মধ্যে আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |
| ০৭. | **ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত।** | উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) জানান, ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত প্রতি ০২ (দুই) মাস অন্তর ০৮ বিভাগ হতে ব্যাংক স্টেটমেন্ট উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করা হয়। | ১. প্রতি দুই মাস অন্তর ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়নপত্র নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | যে সকল বিভাগে জুলাই/২৪ মাসের ঘূর্নায়মান আবর্তক তহবিলের ঋণ আদায়ের পরিমান কম, সে সকল বিভাগে আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগসমূহে এ দপ্তরের স্মারক-৭১ তারিখ-০৫/০৯/২৪ ইং মূলে পত্র প্রেরণ করা হয়েছে। | ২. ঘূর্ণায়মান আবর্তক তহবিলের ঋণ টার্গেট অনুযায়ী আদায় নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | সমাপ্ত প্রকল্পসমূহে ঘূর্ণায়মান আর্বতক তহবিলের ঋণ আদায়ের মাসিক রিটার্ণ অনলাইনে ও হার্ডফাইলে সঠিকভাবে প্রেরণ নিশ্চিত করার নিমিত্ত এ দপ্তরের স্মারক-৬৪ তারিখ-২৭/০৮/২৪ ইং মূলে সংশ্লিষ্ট বিভাগসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। | ৩. সমাপ্ত প্রকল্পসমূহে ঘূর্ণায়মান আর্বতক তহবিলের ঋণ আদায়ের মাসিক রিটার্ন অনলাইনে ও হার্ড ফাইলে সঠিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ০৭টি সমাপ্ত প্রকল্পের আবর্তক ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রকল্প ভিত্তিক প্রতিটি উপজেলায় সমিতির আবর্তক ঋণ কার্যক্রমের অডিট (২০২২-২০২৩ অর্থ বছর) সম্পাদন নিশ্চিতকরণ এবং সম্পাদিত অডিট প্রতিবেদন পর্যালোচনা করতঃ প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতির উপর গৃহীত ব্যবস্থা এ দপ্তরকে অবহিত করার জন্য সকল বিভাগীয় যুগ্ম-নিবন্ধকগণকে ইতোমধ্যে এ দপ্তরের স্মারক ১৮৩ তারিখ-২১/১২/২৩খ্রি. ও স্মারক-৩১ তারিখ-০২/০৫/২৪ মূলে পত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা বিভাগ হতে পত্র পাওয়া গেছে। পত্রে রাজবাড়ী জেলার "উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন" প্রকল্পের অডিট কার্যক্রমের অগ্রগতি ও পর্যালোচনায় গৃহীত ব্যবস্থা সংক্রান্ত তথ্য এ দপ্তরকে অবহিত করা হয়েছে। | ৪. সমাপ্ত প্রকল্পের অধীন সমবায় সমিতিগুলোর অডিট নোটের উপর কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) |
| | | যে সকল উপজেলায় সমাপ্ত প্রকল্পের আবর্তক তহবিলের ঋণের কার্যক্রম চলমান রয়েছে, সে সকল উপজেলাগুলোতে উপজেলা সমবায় অফিসার যেন ফ্যাসিলিটেটর বা ঋণ আদায়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সঠিকভাবে ঋণ আদায় এবং আদায় শেষে ব্যাংকে জমা প্রদান করছেন কিনা তা মনিটরিংয়ের বিষয়ে নির্দেশনা প্রদানের নিমিত্ত উপনিবন্ধক (উৎপাদনমুখী শাখা) বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) এর দৃষ্টি আকর্ষণ করেন। | ৫. যে সকল উপজেলায় সমাপ্ত প্রকল্পের আবর্তক তহবিলের ঋণের কার্যক্রম চলমান রয়েছে, সে সকল উপজেলা সমবায় অফিসারগণকে ঋণ আদায়ের বিষয়টি মনিটরিং করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৮. | **প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত** | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি জানান, বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটসমূহে ২০২৪-২৫ প্রশিক্ষণ বর্ষের লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যেই লক্ষ্যমাত্রা অর্জিত হবে। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। | ১. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা<br>২. অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর |
| ০৯. | **আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত;** | আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা, সমবায় সমিতির সদস্য সংখ্যার তথ্য এবং আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি মাসে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |
| | | ইউনিক ফরমেটে সকল তথ্য মাঠ পর্যায় হতে মাসিক ভিত্তিতে সংগ্রহ করতে হবে। সকল শাখা যেন এমআইএস শাখা হতে তথ্য সংগ্রহ করতে পারে সেই লক্ষ্যে এমআইএস শাখাকে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল হালনাগাদ তথ্য সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২. ইউনিক ফরমেটে সকল তথ্য মাঠ পর্যায় হতে মাসিক ভিত্তিতে সংগ্রহ করতে হবে। সকল শাখা যেন এমআইএস শাখা হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারে সেই লক্ষ্যে এমআইএস শাখাকে তথ্য সংগ্রহ ও সংরক্ষণের মাধ্যমে সমৃদ্ধ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | **বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত;** | সভায় জানানো হয়, বিভিন্ন আদালতে মোট ৫৫৪টি মামলা বিচারাধীন রয়েছে এর মধ্যে ৫১১টি সমবায় সমিতি সংক্রান্ত। উচ্চ আদালতে ৩৭৫টি ও নিম্ন আদালতে ১৫৬টি মামলা রয়েছে। বিবেচ্য ০২(দুই) মাসে উচ্চ আদালতে কোন মামলা নিষ্পত্তি হয়নি। মামলাগুলোর মধ্যে প্রায় ৯০% মামলা সমবায় সমিতির নির্বাচন সংক্রান্ত। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখাসহ মাঠ পর্যায়ে নির্দেশনা দেয়া যেতে পারে। যাতে করে মামলা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে সঠিক জবাব যথাসময়ে এ দপ্তরে প্রেরণ করা হয়। সমবায় বিভাগের কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির জন্য যদি মামলার উদ্ভব হয় বা মামলায় সরকার পক্ষ হারার পরিস্থিতি তৈরী হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয় এবং অবশিষ্ট মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১. পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২. প্রাথমিক, কেন্দ্রীয় ও জাতীয় সমবায় সমিতির নির্বাচন যথাসময়ে সমবায় সমিতি আইন ও সমবায় সমিতি বিধিমালা অনুযায়ী অনুষ্ঠান করতে হবে, যাতে করে সমবায় বিভাগের কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির জন্য নতুন মামলার উদ্ভব না হয়।<br><br>৩. মামলা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে মামলার জবাব সঠিকভাবে যথাসময়ে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>৪. সকল মামলার শুনানীতে সমবায় বিভাগের প্রতিনিধির আদালতে উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br><br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>৩. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| ১১. | **এপিএ/ জিআরএস/এনআই এস/সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি;** | এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এপিএর মাস ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | ১. এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি |
| | | | ২. সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি |
| ১২. | **রাজস্ব অডিট আপত্তি সংক্রান্ত;** | বর্তমানে সমবায় অধিদপ্তর, সদর কার্যালয় ও এর আওতাধীন দপ্তর সমূহের মোট অনিষ্পন্ন রাজস্ব অডিট আপত্তির সংখ্যা ৩২৫টি, প্রকল্প দপ্তরসমূহের ০২টি এবং ০১টি সিভিল অডিট আপত্তিসহ সর্বমোট ৩২৮টি অডিট আপত্তি রয়েছে। সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৪০টি (যার মধ্যে ২০২০-২৩ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অনুযায়ী সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের পরিপূর্ণ অডিট আপত্তি ০৪টি এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের সাথে সম্পৃক্ত আংশিক আপত্তির সংখ্যা ০৩ টিসহ সর্বমোট ০৭ টি)। মাঠপর্যায়ের ২৮৫টি (যার মধ্যে ২০২০-২৩ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR)) অনুযায়ী সমবায় অধিদপ্তর এর আওতাধীন মাঠপর্যায়ের অডিট আপত্তির সংখ্যা ০৫টি), ২০২০-২৩ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অনুযায়ী প্রকল্প দপ্তরসমূহের অডিট আপত্তির সংখ্যা ০২টিসহ সর্বমোট ৩২৭টি রাজস্ব অডিট আপত্তি এবং | ১. সমন্বয় সভায় অডিট আপত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ২. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সিভিল অডিট আপত্তি ০১টি। উক্ত ৩২৭টি রাজস্ব অডিট আপত্তির মধ্যে অগ্রিম অনুচ্ছেদ (SFI) এর সংখ্যা ৯৩টি এবং সাধারণ অনুচ্ছেদ (Non SFI) এর সংখ্যা ২৩৪টি। ২০২০-২৩ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অনুযায়ী অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত সমবায় অধিদপ্তর সদর কার্যালয়, আওতাধীন দপ্তরসমূহ এবং প্রকল্প দপ্তর সমূহের সর্বমোট ১৪টি অডিট আপত্তির ব্রডশীট জবাব এদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৯.০০১.০১.২৪-৯৬ ও ৯৭, তারিখ- ২২/০৮/২০২৪খ্রি. মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | ৩. অডিট আপত্তি নিষ্পত্তির জবাব দাখিলের সময়ে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ১৩. | **ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত;** | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ. মওবি), সমবায় অধিদপ্তর সভায় জানান ইতোপূর্বে চিহ্নিত ২৮৮টি ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির মধ্যে ১৩ টির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বর্তমানে ২৫৩টি সমবায় সমিতিকে ঝুঁকিপূর্ণ হিসেবে দেখানো হচ্ছে। মাঠ পর্যায় ৮টি বিভাগ স্ব-উদ্যোগে মোট ১২৪১টি সমবায় সমিতিকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে। ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ১২৪১টি সমবায় সমিতি মনিটরিংয়ের আওতায় এনে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় যুগ্মনিবন্ধকগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ, ঝুঁকি হ্রাসের উদ্যোগ গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়।<br><br>এছাড়া সমবায় সমিতির ঝুঁকির বিষয়ে সতর্ক হয়ে অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ১. ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ১২৪১টি সমবায় সমিতি মনিটরিংয়ের আওতায় এনে পর্যায়ক্রমে ঝুঁকি হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. সমবায় সমিতির ঝুঁকির বিষয়ে সতর্ক হয়ে অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য নিয়মিত প্রেরণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ. মওবি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ এবং ঝুঁকি হ্রাসের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর<br><br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৪. | **অনিষ্পন্ন বিষয়াদি;** | চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ বিষয়ে এবং নির্ধারিত ছক অনুযায়ী অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রতি দ্বি-মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অনিষ্পন্ন বিষয়সমূহ নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স),<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| ১৫. | **সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত;** | সভায় জানানো হয়, প্রাথমিক, কেন্দ্রীয় এবং জাতীয় সমবায় সমিতির সংখ্যা যথাক্রমে ১,৭৯,২৮৫টি, ১১৩৪টি ও ১১টি। সমবায় সমিতির নিবন্ধন ও বাতিল সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন যথাসময়ে অডিট ও আইন শাখায় প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. সমবায় সমিতি নিবন্ধন ও বাতিল সংক্রান্ত তথ্য হালনাগাদ রাখতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৬. | **অফিস পরিদর্শন;** | সকল কার্যালয়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নে মনিটরিং ও পরিদর্শনের গুরুত্ব অপরিসীম। এ বিষয়ে সতর্কতার সহিত কার্যক্রম গ্রহণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। অফিস পরিদর্শন সম্পর্কিত ছক মোতাবেক তথ্য উর্ধ্বতন দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অফিস মনিটরিং ও পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৭. | **স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদকরণ;** | স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখার বিষয়ে এবং বিভাগীয় সমবায় কার্যালয়সমূহ কর্তৃক সংশ্লিষ্ট জেলা/উপজেলার ওয়েবসাইট মনিটরিং এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখতে হবে।<br>২. জেলা/উপজেলা সমবায় কার্যালয়ে ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার বিষয়টি বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৮. | **বিবিধ।** | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের কর্মবন্টন সর্বশেষ বিগত ২০০৭ সালে জারী হয়েছিল, দীর্ঘদিন অতিবাহিত হওয়ায় তা হালনাগাদ করা হয়নি। কর্মকর্তাদের কর্মবন্টন হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ করার জন্য সুনির্দিষ্টভাবে প্রস্তাব উল্লেখপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সভাপতি/সদস্য সচিব<br>(এ সংক্রান্ত গঠিত কমিটি)<br>সমবায় অধিদপ্তর |
| | | ৫৩তম জাতীয় সমবায় দিবসের অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত সমবায় অধিদপ্তরের সমবায় উন্নয়ন তহবিল হতে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের জন্য বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমিত আকারে অনুষ্ঠান আয়োজন করা এবং সমবায়ীদের নিকট হতে কোনরূপ আর্থিক সহযোগিতা বা অনুদান না নেয়ার বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | ২. সমবায় অধিদপ্তরের সমবায় উন্নয়ন তহবিল হতে বরাদ্দকৃত অর্থের মধ্যে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে ৫৩তম জাতীয় সমবায় দিবসের অনুষ্ঠান সীমিত আকারে আয়োজন করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | যুগ্মনিবন্ধক (ইপিপি) সভায় জানান জাতীয় সমবায় দিবসের অনুষ্ঠানে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন করা হয়ে থাকে। ২০১৯ সালে ICA একটি গাইডলাইনের তাদের নিজেদের জন্য ১ টি কালারের পতাকা নির্দিষ্ট করে সদস্য দেশগুলোর জন্য ৬ টি কালার উন্মুক্ত করে দেয়। ICA এর সাথে যোগাযোগ করে সমবায় অধিদপ্তরে ও মন্ত্রণালয়ের সভা আয়োজনের মধ্য দিয়ে ৬টি কালারের মধ্যে হতে তার্কিশ ব্লু কালারটি চূড়ান্ত করা হয়। সমবায় পতাকার এই কালারটি প্রিন্টের মাধ্যমে করতে হবে বিধায় এটি ইভেন্ট ম্যানেজমেন্টের মাধ্যমে করে ১ম বারের মতো সমবায় পতাকার নমুনা হিসেবে সকল বিভাগ, জেলা ও উপজেলায় দেয়া যেতে পারে। এতে করে সর্বমোট ৪৮৮টির মতো পতাকার প্রয়োজন হবে। পতাকা প্রতি আনুমানিক ১০০০/- টাকার মতো ব্যয় হবে এবং ব্যয়সমূহ সমবায় উন্নয়ন তহবিল হতে নির্বাহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. ইভেন্ট ম্যানেজমেন্টের মাধ্যমে সমবায় পতাকা তৈরী করে ১ম বারের মতো সমবায় পতাকার নমুনা হিসেবে সকল বিভাগ, জেলা ও উপজেলায় বিতরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |

পরিশেষে সভাপতি সমবায় অধিদপ্তরের সকল কাজের গতিশীলতা আনয়নে জনগণের প্রত্যাশিত সেবা যথাসময়ে প্রদান নিশ্চিতকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)- ৯৮৭ (৬০) স/মূ; তারিখ: ২৮/১০/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) / (সমিতি ব্যবস্থাপনা) / (অডিট ও আইন) / (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)।
০৫। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৬। যুগ্মনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৮। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা;
০৯। যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১০। বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, খুলনা। তাঁকে সভার কার্যবিবরণী প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি কে অবহিত করার অনুরোধসহ।
১১। প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি।
১২। উপনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১৩। সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ/সহকারী প্রোগ্রামার (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১৪। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮/১০/২৪
(তানিয়া আক্তার)
উপনিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।